বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
ফোনঃ ৮১৮১৬২১, ফ্যাক্সঃ ৮১৮১৬২৯, web: www.ugc.gov.bd

স্মারক নং ঃ ইউজিসি/বেঃবিঃ/৫৫৪(২)/২০১০/ 2092

তারিখ ঃ ২৭ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ১১ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

রেজিস্ট্রার
সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি
প্লট নং - এ/৫, ব্লক - ডি, মিরপুর - ১৪, ঢাকা।

বিষয় ঃ সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি - এর শিক্ষা কার্যক্রম শুরু করার অনুমতি প্রদান।

জনাব,

শিক্ষা মন্ত্রণালয়ের ২৪/০২/২০১৬ তারিখে ইস্যুকৃত ৩৭.০০.০০০০.০৭৮.২২.০০১.১৪-১৫৭ নম্বর পত্র মারফত সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান করা হয়েছে। অতঃপর শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য কমিশন কর্তৃপক্ষ কর্তৃক বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত কমিটি গত ২৯/০১/২০১৮ তারিখে বিশ্ববিদ্যালয়টির বর্তমান অবকাঠামো (লাইব্রেরি, ল্যাবরেটরি, শ্রেণীকক্ষ, শিক্ষক কক্ষ, অফিস কক্ষ ইত্যাদি) সরেজমিনে পরিদর্শন করেন। সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি এর প্লট নং - এ/৫, ব্লক - ডি, মিরপুর - ১৪, ঢাকা - ঠিকানায় অবস্থিত ১২ তলা বিশিষ্ট একটি ভবনের ২য় তলা এবং ১০ -১২ তলায় নিম্নোক্ত শর্তে সাময়িকভাবে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য অনুমতি দেয়া হলোঃ

(ক) সরকার ও কমিশন অনুমোদিত প্লট নং - এ/৫, ব্লক - ডি, মিরপুর - ১৪, ঢাকাস্থ ভবনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাসহ সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।

(খ) কমিশন অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের সকল প্রোগ্রাম ডুয়েল সেমিস্টারভিত্তিকভাবে পরিচালনা করতে হবে।

(গ) বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত **School of Business and Industrial Development** এর অধীনে নিম্নবর্ণিত ০২ টি প্রোগ্রামের শিক্ষা কার্যক্রম (অনুমোদনপত্রের কপি সংযুক্ত) পরিচালনা করা যাবে ঃ

১. **Bachelor of Business Administration (BBA) - 4 years**
২. **Master of Business Administration (MBA) - 2 years**

(ঘ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৬(১) ও ১৫ অনুযায়ী শুধুমাত্র বিশ্ববিদ্যালয় পরিচালনার উদ্দেশ্যে যথাযথ প্রক্রিয়ায় বোর্ড অব ট্রাস্টিজ সদস্যসমন্বয়পূর্বক নিবন্ধন করে কমিশনকে অবহিত করতে হবে;

(ঙ) বিশ্ববিদ্যালয়ের সংরক্ষিত তহবিল হিসেবে রক্ষিত ০৫ (পাঁচ) কোটি টাকার এফডিআর স্বয়ংক্রিয়ভাবে নবায়নযোগ্য হতে হবে। সরকার তথা কমিশনের পূর্বানুমোদন ব্যতীত উক্ত এফডিআর-এর অর্থ বা এর লভ্যাংশ উত্তোলন করা যাবে না। এছাড়া কমিশনের অনুমতি ব্যতীত এফডিআর অন্য ব্যাংকে স্থানান্তর করা যাবে না এবং সংরক্ষিত তহবিলের উপর গৃহীত ঋণ পুনর্ভরণপূর্বক কমিশনকে জানাতে হবে;

(চ) বিবিএ, এমবিএ প্রোগ্রামের জন্য সর্বোচ্চ সেমিস্টার প্রতি ৬০ জন শিক্ষার্থী ভর্তি করা যাবে।

(ছ) শিক্ষার্থী ভর্তি ও পেমেন্ট সিস্টেম অনলাইন ভিত্তিক হতে হবে।

(জ) বিশ্ববিদ্যালয়ের শ্রেণিকক্ষগুলিতে মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবস্থা রাখতে হবে।

(ঝ) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ নিয়োগের লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রতিটি পদের জন্য উপযুক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন ০৩ (তিন) জন ব্যক্তির সমন্বয়ে গঠিত প্যানেল প্রস্তাব কমিশনে অনুলিপি প্রদানপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ে আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রেরণ করতে হবে।

(ঞ) কমিশনের ২০/০৩/২০১৬ তারিখের ২৫৩৪ নম্বর পত্রে উল্লিখিত ক্রমিক ২(২) থেকে ২(৮) নং শর্তানুযায়ী কমিটিসমূহ গঠন করতে হবে। এতদ্‌সংক্রান্ত কমিটি গঠন- আদেশ কমিশনে প্রেরণ করতে হবে (কপি সংযুক্ত);

(ট) বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে সংশ্লিষ্ট সকল বিষয়ের প্রতিটি [illegible] বর্ষে শিক্ষা দানের উপযোগী রেফারেন্স বই ও জার্নালের সংগ্রহ বৃদ্ধিসহ ইউজিসি ডিজিটাল লাইব্রেরীর সদস্য হওয়ার জন্য আবেদন করতে হবে;

(ঠ) Sexual Harassment সম্পর্কিত অভিযোগ দাখিল করার জন্য দৃষ্টি গোচর হয় এমন স্থানে অভিযোগ বক্স স্থাপন করতে হবে;

(ড) ভবনে জরুরী বহির্গমন পথে ইমার্জেন্সী লাইটিং সিস্টেম চালু করা-সহ অগ্নি নির্বাপক ব্যবস্থা এবং জরুরী চিকিৎসা সেবা সুবিধা (ডাক্তার, নার্স, ফার্স্ট এইড) নিশ্চিত করতে হবে;

(ঢ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৯(৬) অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের বাৎসরিক বাজেটের ব্যয়খাতে কমিশন কর্তৃক নির্ধারিত একটি অংশ গবেষণার জন্য বরাদ্দপূর্বক উহা ব্যয়পূর্বক কমিশনকে অবহিত করতে হবে।

(ণ) জঙ্গি/সন্ত্রাসী তৎপরতা রোধে একটি মনিটরিং সেল গঠন করতে হবে;

(ত) সরকার কর্তৃক মনোনীত সিএ ফার্ম দ্বারা প্রতি বছর অডিট সম্পন্ন করতে হবে;

(থ) বিশ্ববিদ্যালয়ের জন্য অডিটোরিয়াম, সেমিনার কক্ষ, শিক্ষার্থীদের জন্য কমনরুম এবং ব্রাউজিং সুবিধা নিশ্চিত করতে হবে।

(দ) অননুমোদিত প্রোগ্রাম/কোর্সে শিক্ষার্থী ভর্তি বা ভর্তির বিজ্ঞপ্তি প্রচার করা যাবে না;

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
ফোনঃ ৮১৮১৬২১, ফ্যাক্সঃ ৮১৮১৬২৯, web: www.ugc.gov.bd

(ধ) প্রস্তাবিত **B Sc in Computer Science and Engineering** প্রোগ্রামের জন্য একজন অধ্যাপক/সহযোগী অধ্যাপক নিয়োগপূর্বক কমিশন নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করতে হবে।

(ন) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য প্লট নং - এ/৯, ব্লক - ডি, মিরপুর - ১৫, ঢাকাস্থ প্রস্তাবিত ভবনটি বিশ্ববিদ্যালয়ের মূল ভবনের সংলগ্ন না হওয়ায় উক্ত ভবনের অনুমোদন করা গেল না। সরকার ও কমিশন অনুমোদিত ভবন ব্যতীত অন্য কোন ঠিকানায় বিশ্ববিদ্যালয়ের কোনরূপ কার্যক্রম পরিচালনা করা যাবে না।

(প) প্রস্তাবিত **B Sc in Civil Engineering, B Sc in Mechanical Engineering** এবং **B Sc in Electrical and Electronics Engineering** প্রোগ্রামসমূহের ল্যাবরেটরীসমূহ বিশ্ববিদ্যালয়ের মূল অনুমোদিত ভবনে স্থাপন করে কমিশনকে অবহিত করতে হবে। কমিশন থেকে সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ দ্বারা পরিদর্শন সাপেক্ষে উল্লিখিত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে।

(ফ) বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর সংশ্লিষ্ট সকল ধারা এবং শিক্ষা মন্ত্রণালয় ও কমিশন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল আদেশ/নির্দেশাবলী বিশ্ববিদ্যালয়কে অনুসরণ করতে হবে।

২। উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনামতে।

জেসমিন পারভীন
উপ পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ
ফোন: ৮১৮১৫৮৫
ই-মেইল: jesminugc@yahoo.com

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (উপ-সচিব), ইউজিসি, ঢাকা।
৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
৪। বেঃবিঃ গার্ড ফাইল, (কম্পিউটার অপারেটর), ইউজিসি, ঢাকা।
৫। সংশ্লিষ্ট নথি।
৬। মহানথি।

শাহনাজ সুলতানা
সহকারী পরিচালক
বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ